

হঠাৎ আর নেই, সেই গলিগুলি এখন ফাঁকা, সেই রিক্সেকটা ব্যাট অবাবহৃত, সেই মাঠগুলি শুনশান। সব ভালো সময়ের শেষ; আছে আমাদের শেষের সেই এক কাল।

হঠাৎ করে বাড়ি ফিরলো, যাতে ১:৩০ থেকে গোকেমন-এর মতো এনিমেটেড ধারাবাহিক দেখার বা একটু কারার মতলবি মুখেই থাকতো। যাদের জন্য মজা মানে ছুটির দিন সাইকেল নিয়ে যেখানে চোখ চায়, সেখানে গিয়ে সময় কাটানো, টিউশনের পর এক অপরের গিল্টে লাগার প্রথা।

কিন্তু একই রয়ে থেকেছে পাড়ার আড্ডার কোণ, পাল্টায়নি সেই চাপা রোদ যার দাপটে ইস্কুল যাওয়াটা ছিল মধ্য আফ্রিকায় চাকরি করতে যাওয়া শঙ্করের মতো দুঃসাহসিক, রয়ে গেছে এক গুচ্ছ ক্ষীণ কিন্তু তীক্ষ্ণ প্রমান যে "আইপ্যাড জেনারেশন" নামক এখনের প্রজন্মের আগমনের আগে ছিল এক সময়, যখন বাচ্চারা দুপুর ১টায় ইস্কুল ছাড় দিতেই।



প্রখর তপন তাপে
ধরা তৃষায় কাঁপে
বায়ু করে হাহাকার।।

বছরের প্রবল গরমের মাসগুলির সময় অতি ব্যবহৃত এই ছড়াটি অনেক বছর আগে শুনেছি। দশ বছর আগে যখন আমি দশ বছরের ছোট খোকা, যখন গ্রীষ্মের সময়ের প্রধান কর্তব্য আমার কাছে কলেজের অডিটোরিয়ামের এ/সি খাবার বদলে ছিল বাড়িতে সারাদিন আলস্যে কাটিয়ে দিয়ে লেমন জুস্ খাওয়া, সেই সময়ের কথা। বদলেছে কাল, এগিয়েছে সময়ের ঘড়ি, বদলেছে সবার আচ্ছাদন, পাল্টেছে ঠিকানা।